# বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, সেগুনবাগিচা, ঢাকা

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন (অর্থবছর : ২০১৭-১৮)

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | গৃহীত কার্যক্রম | ফলাফল |
|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| ১. রাজস্ব আহরণ জোরদারকরণ | ১.১ রাজস্ব লক্ষ্যমাত্রা | আদায়কৃত মূসক | কোটি টাকা মোট | ডিসেম্বর/১৭ পর্যন্ত ১৯৮৭৪.৭৪ কোটি টাকা আদায় হয়েছে (সাময়িক)।<br>(লক্ষ্যমাত্রা ছিল ২২২০৩.৬৩ কোটি টাকা) | গত বছরের তুলনায় প্রবৃদ্ধি ১৮.৭৩% |
| | ১.২ প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | অর্ধ - বার্ষিক/বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর দপ্তরে জুন'১৭ পর্যন্ত রাজস্ব আদায়ের পরিমাণ ৩৬,৯৮৩.৫০ কোটি টাকা। অপরদিকে সিজিএ কর্তৃক প্রদর্শিত রাজস্বের পরিমাণ ৩৫,৯৭৬.৮২ কোটি টাকা যা এ দপ্তরের আদয়কৃত রাজস্বের তুলনায় ১০০৬.৬৮ কোটি টাকা কম।<br><br>উল্লেখ্য, এ দপ্তর কর্তৃক জুন'১৭ করমেয়াদের প্রদর্শিত রাজস্ব জুলাই'১৭ মাসে জমাকৃত ভ্যাট বাবদ ৫৭৫.৫২ কোটি টাকা ও সম্পূরক শুল্ক বাবদ ৮২৭.৫১ কোটি টাকা সিজিএ এর Economic Detail Source Report এ অন্তর্ভুক্ত করা হলে এ দপ্তর কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরের আদায়কৃত রাজস্বের সাথে সিজিএ কর্তৃক প্রদর্শিত রাজস্বের মধ্যে বাস্তবে কোন পার্থক্য থাকবে না বলে এ দপ্তর মনে করে।<br><br>## নভেম্বর ২০১৭ পর্যন্ত এ দপ্তরের সকল ট্রেজারী চালান অনলাইনে যাচাই সম্পন্ন করা হয়েছে। সিজিএ কর্তৃক আইবাস সফ্টওয়্যারের হালনাগাদের কার্যক্রম চলমান। উক্ত কার্যক্রম সম্পন্ন হলে সিজিএ হতে তথ্য প্রাপ্তি সাপেক্ষে নভেম্বর'১৭ মাস পর্যন্ত রাজস্ব রিকনসিলেশন সম্পন্ন করা সম্ভব হবে। | সার্বিকভাবে এ দপ্তরের আদায়কৃত রাজস্ব তথ্যের সাথে সিজিএ কর্তৃক প্রদর্শিত রাজস্বের বাস্তবে কোন পার্থক্য নেই। |
| | ১.৩ মাঠ অফিসসমূহ পরিদর্শন | দাখিলকৃত প্রতিবেদন : মূসক | সংখ্যা | বৃহৎ করদাতা ইউনিট, ভ্যাট দপ্তর ৬টি বিভাগ এর সমন্বয়ে গঠিত। এ দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অতিরিক্ত কমিশনার নিয়মিত বিভাগগুলো পরিদর্শন করেন। এ | # জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে।<br># কাজের মান উন্নয়নসহ |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | গৃহীত কার্যক্রম | ফলাফল |
|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| | | | | দপ্তরের শাখাসমূহের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে নিয়মিত মনিটরিং করেন। এছাড়া উর্ধ্বতন কর্মকর্তাগণ তাঁর অধীনস্থ বিভাগ/সার্কেল/শাখাসমূহ নিয়মিত পরিদর্শন করেন। | গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। |
| | ১.৪ অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কাh©ক্রম | দায়েরকৃত মামলা : মূসক | সংখ্যা | # মূল্য সংযোজন কর আইন, 1991 এর ধারা 55(1) মোতাবেক প্রাথমিক দাবিনামা জারি করা হয়েছে মোট ৪৮টি, জড়িত রাজস্ব ১৯২০.৭১ কোটি টাকা যার বিপরীতে আদায় হয়েছে ২৯.৫৬ কোটি টাকা।<br># মূল্য সংযোজন কর আইন, 1991 এর ধারা 55(3) মোতাবেক চূড়ান্ত দাবিনামা জারি করা হয়েছে মোট ১২টি, জড়িত রাজস্ব ১০৩২.৩৩ কোটি টাকা, আদায় ২.৪৮ কোটি টাকা।<br># মূল্য সংযোজন কর আইন, 1991 এর ধারা 37(3) মোতাবেক সুদ আদায়ের জন্য দাবিনামা জারি করা হয়েছে মোট 04 টি, জড়িত রাজস্ব ৩.৩০ কোটি টাকা (প্রায়), আদায় হয়েছে ১.৩৩ কোটি টাকা।<br>উল্লেখ্য, অপরিশোধিত সম্পূরক শুল্ক ও মূসক বাবদ গ্রামীনফোন লি: হতে ১৫.৫৩ কোটি টাকা ও বাংলালিংক হতে ৬.৪৬ কোটি টাকা আদায় করা হয়েছে।<br>মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২৬ এর প্রদত্ব ক্ষমতাবলে আকষ্মিক পরিদর্শন করে প্রিমিয়ার ব্যাংক লি: এর ভ্যাট ও উৎসে মূসক বাবদ ২০.১০ কোটি টাকার রাজস্ব ফাঁকি উদঘাটনপূর্বক ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করে উক্ত টাকা আদায় করা হয়েছে। | অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মোট ৬৪টি মামলা দায়ের করা হয়েছে। |
| | ১.৫ মামলা থেকে রাজস্ব আদায় | আদায়কৃত মোট মূসক | কোটি টাকায় | আপীলাত ট্রাইব্যুনাল : আপীলাত ট্রাইব্যুনালে ১১০৪ কোটি টাকার ২টি মামলা এ দপ্তর থেকে দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করায় ইতোমধ্যে শুনানী কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অনতিবিলম্বে সরকার পক্ষে রায় পাওয়া যাবে। | মামলা থেকে রাজস্ব আদায় হয়েছে ৫৮.৯৮ কোটি টাকা । |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | গৃহীত কার্যক্রম | ফলাফল |
|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| | | | | হাইকোর্ট বিভাগ : হাইকোর্ট বিভাগে বিচারাধীন ১০টি মামলা (জড়িত রাজস্ব ২৩৮৪.৯৮ কোটি) দ্রুত নিষ্পত্তির জন্য এ দপ্তর থেকে দফাওয়ারী জবাব প্রেরণ করা হয়েছে, পেপারবুক তৈরি করা হয়েছে, বিজ্ঞ এটর্নি জেনারেল এর সাথে সাক্ষাত করা হয়েছে এবং কজলিস্টে অন্তর্ভুক্তি করা হয়েছে। অনতি বিলম্বে উক্ত মামলা নিষ্পত্তি হবে মর্মে আশা করা যায়। | |
| | ১.৬ উৎসে কর কর্তন মনিটরিং | পরিবীক্ষিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ | সংখ্যায় | শুধুমাত্র উৎসে মূসক প্রদান করেন এমন প্রতিষ্ঠান এ দপ্তরে তালিকাভুক্ত নেই। তবে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধিমালার বিধি ১৮(ক) অনুযায়ী এ দপ্তরের সকল প্রতিষ্ঠান উৎসে মূসক কর্তনকারী। সে অনুযায়ী এ দপ্তরের প্রতিষ্ঠানসমূহ উৎসে কর্তনযোগ্য সংশ্লিষ্ট খাতের বিপরীতে নিয়মিত উৎসে মূসক কর্তন করে। এ বিষয়ে সার্কেল থেকে নিয়মিত তদারকি করা হয়। | উৎসে মূসক খাতে নভেম্বর/১৭ মাস পর্যন্ত রাজস্ব আদায় হয়েছে ৫৬৫.৮৩ কোটি টাকা। |
| | ১.৭ নন-কমপ্লাইন্ট করদাতার সংখ্যা হ্রাসকরণ | রিটার্ণ দাখিলের হার : মূসক | শতকরা হার | নন-কমপ্লাইন্ট করদাতার সংখ্যা হ্রাসকরণ | ডিসেম্বর/১৭ মাসে রিটার্ণ দাখিলের হার ১০০%। |
| | ১.৯ করদাতাগণকে বিকল্প বিরোধ নিস্পত্তি পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণ। | বিরোধ নিস্পত্তি : মূসক | সংখ্যা | বৃহৎ করদাতা ইউনিট, ভ্যাট দপ্তরে বিকল্প বিরোধ নিষ্পত্তি জন্য-<br>মোট আবেদন ৯টি;<br>জড়িত রাজস্ব ১২.৪৪ কোটি টাকা;<br>এডিআর এর সিদ্ধান্ত মোতাবেক নিস্পত্তি হয়েছে ৫টি মামলা;<br>আদায় হয়েছে ৭.১৩ কোটি টাকা। | এডিআর এর সিদ্ধান্ত মোতাবেক ৫টি মামলা নিস্পত্তি হয়েছে এবং ৭.১৩ কোটি টাকা আদায় হয়েছে। |
| | ১.১০ বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ। | আদায়কৃত বকেয়া : মূসক | কোটি টাকা | প্রতিষ্ঠান ভিত্তিক বকেয়ার তালিকা প্রস্তুত করা হয়েছে এবং সে মোতাবেক আদায়ের কাh©ক্রম গ্রহণ করা হয়েছে। বকেয়া আদায়ের জন্য বিধি-৪৩ অনুযায়ী প্রতিষ্ঠানসমূহকে নোটিশ জারি করা হয়েছে। | বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর দপ্তরে নভেম্বর মাস পর্যন্ত সর্বমোট বকেয়া আদায়ের পরিমাণ ২৩২৫.১৪ কোটি টাকা। |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | গৃহীত কার্যক্রম | ফলাফল |
|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| | ১.১১ রিটার্ণ পরীক্ষাকরণ। | রিটার্ণ পরীক্ষা : মূসক | শতকরা হার | রিটার্ণ পরীক্ষার কাh©ক্রম অব্যাহত রয়েছে। | এ দপ্তরের মোট সক্রিয় প্রতিষ্ঠানের সংখ্যা ১57টি। দাখিলপত্র প্রদানের হার 100%। দাখিলপত্র পরীক্ষার হার ১০০%। চলতি অর্থবছরে দাখিলপত্র পরীক্ষা করে ১৯২০.৭১ কোটি টাকার রাজস্ব ফাঁকির তথ্য উদঘাটন করা হয়েছে। |
| ২. মূসক প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ | ২.১ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন/ অনুষ্ঠান প্রচার | বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার : (মূসক) | সংখ্যা | ভ্যাট প্রদানে সচেতনতা বৃদ্ধিতে ইলেকট্রনিক ও প্রিন্টিং মিডিয়া, ফেইসবুক, ইমেইল ও ওয়েবসাইটের মাধ্যমে সকলকে উদ্বুদ্ধ করা হয়। সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক বৃহৎ করদাতা ইউনিট, ভ্যাট কমিশনারেটের ওয়েবসাইটে এ আপলোড করা হয়েছে। | করদাতাগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে এবং তারা কর পরিশোধে উদ্বুদ্ধ হচ্ছেন। |
| | ২.২ করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেয়ার জন্য যোগাযোগ স্থাপন | অনুষ্ঠিত সভা/যোগাযোগ : (মূসক) | সংখ্যা | # গত ২৫.০৯.২০১৭ খ্রি: তারিখে ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সাথে রাজস্ব, মামলা, বিকল্প বিরোধ নিস্পত্তি ইত্যাদি বিষয়ে মতবিনিময় সভা।<br># বীমা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সাথে মতবিনিময় সভা। | করদাতাগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে এবং তাঁরা কর পরিশোধে উদ্বুদ্ধ হচ্ছেন। |
| | ২.৩ সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | সেবা গ্রহনকারীর সংখ্যা : মূসক | সংখ্যা | এ পর্যন্ত সেবা কেন্দ্রের মাধ্যমে প্রায় ১০২০ জনকে সেবা প্রদান করা হয়েছে। | সেবা গ্রহনকারীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। |
| | ২.৫ কর্মকর্তা/ কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রদান : মূসক | সংখ্যা | এ দপ্তরের বিভিন্ন পর্যায়ের প্রায় ৩৫ জন কর্মকর্তা/ কর্মচারীগণকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• দাখিলপত্র পরীক্ষা সংক্রান্ত কলাকৌশল বিষয়ে ১ দিনব্যপি।<br>• হিসাব পুস্তক সংরক্ষণ, উৎসে কর কর্তন ও মূসক নিরীক্ষা | কর্মদক্ষতা এবং জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে। |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | গৃহীত কার্যক্রম | ফলাফল |
|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| | | | | বিষয়ে ১ দিনব্যপি।<br>• সিগারেটের ব্যান্ডরোল চিহ্নিতকরণ বিষয়ক কর্মশালা ১ দিনব্যপি। | |
| **# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | |
| ২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২.১ সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জন ঘন্টা | এ দপ্তরের বিভিন্ন পh©vয়ের প্রায় ৫০ জন কর্মকর্তা/কর্মচারীগণকে বিভিন্ন বিষয়ে গড়ে প্রায় ৪ ঘন্টা করে ৫ টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | কর্মদক্ষতা এবং জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে। |
| | ২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | তারিখ | ▪ ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।<br>▪ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>▪ এ দপ্তরের ওয়েবসাইট ও ফেইসবুক পেজ হালনাগাদ করা হয়েছে।<br>▪ নিয়মিত শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।<br>▪ সকল কর্মকর্তাগণকে ডায়েরী প্রদান করা হয়েছে এবং সেখানে প্রতিদিনের কর্মপরিকল্পনা অনুযায়ী কী কী কার্যক্রম সম্পাদন করে তা লিপিবদ্ধ করা হয়। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের পরিকল্পনা মোতাবেক বিভিন্ন কাh©ক্রম গ্রহন করা হয়েছে। |
| ৩. তথ্য অধিকার বাস্তবায়ন | ৩.১ তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | তথ্য অধিকার আইন বাস্তবায়নের লক্ষ্যে বৃহৎ করদাতা ইউনিট, ভ্যাট দপ্তররে ওয়েবসাইটে ও ফেইসবুক পেজে নিয়মিত তথ্য আপলোড করা হয়। সদর দপ্তর, বিভাগীয় দপ্তর এবং সার্কেল অফিসে ই-মেইল খোলা হয়েছে, বৃহৎ করদাতা ইউনিট, মূসক দপ্তরের নিজস্ব ওয়েব সাইট এবং Facebook Account খোলা হয়েছে। | জবাবদিহিতা বৃদ্ধি পাচ্ছে। |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | গৃহীত কার্যক্রম | ফলাফল |
|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| ৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তি কাh©ক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | শতকরা হার (%) | বর্তমানে এ দপ্তর হতে 64টি প্রতিষ্ঠানের নিরীক্ষা আদেশ দেয়া আছে। ইতোমধ্যে 2৭ টি প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্নপূর্বক 2৭ টি প্রতিবেদন দাখিল করা হয়েছে যাতে উদঘাটিত রাজস্ব ১৩৫৮.৮৯ কোটি টাকা; যার মধ্যে আদায় ৮.35 কোটি টাকা। বাকী প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা কার্যক্রম চলমান আছে। | অডিট আপত্তি নিষ্পত্তির মাধ্যমে ৮.৩৫ কোটি টাকা আদায় হয়েছে। |